তারিখ 07 AUG 2016
পৃ. ১৯ কলাম ৫

যুগান্তর

# অনুমোদনহীন শিক্ষা প্রতিষ্ঠান চলতে দেয়া হবে না : শিক্ষামন্ত্রী

## ট্রান্সক্রিপ্টে থাকবে প্রাপ্ত নম্বরও

**যুগান্তর রিপোর্ট**

দেশে অনুমোদনহীন কোনো শিক্ষা প্রতিষ্ঠানে চলতে দেয়া হবে না জানিয়ে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, কেউ যদি শিক্ষা প্রতিষ্ঠানের নাম পরিবর্তন করে চালাতে চান, তাও বন্ধ করে দেয়া হবে। শনিবার ঢাকায় জাতীয় শিক্ষা ব্যবস্থা একাডেমিতে (নায়েম) একাদশ শ্রেণীর অনলাইন ভর্তি পদ্ধতির ওপর কর্মশালায় প্রধান অতিথির বক্তৃতায় তিনি এ কথা বলেন। সম্প্রতি সরকার 'পিস' নামযুক্ত অবৈধ স্কুল বন্ধ ঘোষণা করে। কিন্তু এ ধরনের কোনো কোনো প্রতিষ্ঠান নাম পরিবর্তন করে চালুর ঘোষণা দেয়। এর পরিপ্রেক্ষিতে শিক্ষামন্ত্রী এমন বক্তব্য দিলেন। কর্মশালায় বিশেষ অতিথির বক্তৃতায় ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক মাহবুবুর রহমান বলেন, এবারের এইচএসসি পরীক্ষার ফল আগামী ১৮ আগস্ট প্রকাশ করা হবে। আমরা গ্রেডিং পদ্ধতিতে জিপিএ'র পাশাপাশি ট্রান্সক্রিপ্টে বিষয়ভিত্তিক মোট প্রাপ্ত নম্বর তুলে দেব। তবে অনলাইনে একজন শিক্ষার্থী প্রতিটি বিষয়ে সৃজনশীল, নৈর্ব্যক্তিক এবং ব্যবহারিকে আলাদাভাবে প্রাপ্ত নম্বর জানতে পারবে। আমরা মনে করি, একজন শিক্ষার্থীর প্রাপ্ত নম্বর জানা তার অধিকার। তাই এমন পদক্ষেপ নেয়া হচ্ছে। অনুষ্ঠানে শিক্ষা সচিব মো. সোহরাব হোসাইনও বক্তব্য রাখেন। এতে সভাপতিত্ব করেন মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদফতরের মহাপরিচালক অধ্যাপক ড. এসএম ওয়াহিদুজ্জামান।